Hasnat Bangla

পরীক্ষার নাম: খ-ইউনিট ২০১৮-১৯
সময়: ৩০ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: 25 টি | মোট নম্বর: 25 × 1 = 25
প্রতি সঠিক উত্তরের নম্বর: 1 | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: 0.25

1) মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।- বাক্যটি যে রচনার অন্তর্গত- (বাংলা)
A). বায়ান্নর দিনগুলো
B). আহ্বান
C). রেইনকোট
D). মাসি-পিসি
সঠিক উত্তরঃ A). বায়ান্নর দিনগুলো,

2) একতারা শব্দটি যে ভাষা থেকে এসেছে- (বাংলা)
A). আরবি
B). ফারসি
C). তুর্কি
D). সংস্কৃত
সঠিক উত্তরঃ B). ফারসি,

3) নিচের যে শব্দটিতে স্বভাবতই ণ হয়- (বাংলা)
A). তূণ
B). লক্ষণ
C). অর্পণ
D). ভীষণ
সঠিক উত্তরঃ A). তূণ,

4) কাজী নজরুল ইসলামের মতে, দেশের শত্রু হলো- (বাংলা)
A). যাদের মধ্যে মিথ্যার বেসাতি
B). যাদের মধ্যে আমিত্ব নেই
C). যারা প্রতারণা করে
D). যারা অন্যকে গুরু বলে মানে
সঠিক উত্তরঃ A). যাদের মধ্যে মিথ্যার বেসাতি,

5) যে সম্পর্কটি বিসদৃশ- (বাংলা)
A). বারিধি : বারিদ
B). কাঞ্চন : সুবর্ণ
C). মৃগেন্দ্র : কেশরী
D). সবিতা : তপন
সঠিক উত্তরঃ A). বারিধি : বারিদ,

6) শ্বাপদ= শ্বন+পদ। এখানে শ্বন শব্দের অর্থ- (বাংলা)
A). সারমেয়
B). ধারালো
C). তীক্ষ্ম নখযুক্ত
D). হিংস্র
সঠিক উত্তরঃ A). সারমেয়,

7) --যার নীচসহ, নীচ সে দুর্মতি- শূন্যস্থানে বসবে- (বাংলা)
A). মতি
B). ধর্ম
C). গতি
D). জ্ঞাতি
সঠিক উত্তরঃ C). গতি,

8) হন্যমান যে শব্দের বিশেষণ- (বাংলা)
A). হরণ
B). হনন
C). হন্যে
D). হতাশা
সঠিক উত্তরঃ B). হনন,

9) প্রত্যক্ষ বস্তুর সঙ্গে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলে- (বাংলা)
A). উপমান
B). উপমিত
C). উপমেয়
D). উপমা
সঠিক উত্তরঃ C). উপমেয়,

10) শোক দূর হয়েছে যার বাক্যটির সংক্ষিপ্ত রূপ- (বাংলা)
A). শোকহারা
B). বীতশোক
C). শোকহীন
D). বীতকাম
সঠিক উত্তরঃ B). বীতশোক,

11) বাংলা বর্ণমালাভুক্ত ঐ এবং ঔ হচ্ছে- (বাংলা)
A). মৌলিক ধ্বনি
B). যৌগিক স্বর
C). যৌগিক বর্ণ
D). দ্বিলেখ
সঠিক উত্তরঃ B). যৌগিক স্বর,

12) অপপ্রয়োগের দৃষ্টান্ত (বাংলা)
A). সুগন্ধ ফুল
B). বিষাদ মণ্ডিত
C). সংযতবাক
D). সুনীল আকাশ
সঠিক উত্তরঃ B). বিষাদ মণ্ডিত,

Hasnat Bangla

13) আপনাকে আমরা মায়ের মতো ভালোবাসি। - ঘসেটি বেগমকে উদ্দেশ্য করে এ কথা বলেছিল (বাংলা)
A). সিরাজ
B). রাইসুল জুহালা
C). লুৎফা
D). আমিনা
সঠিক উত্তরঃ C). লুৎফা,

14) মজিদের প্রতি রহিমার অচঞ্চল আস্থা যার সঙ্গে তুল্য হয়েছে- (বাংলা)
A). সূর্য
B). ইস্পাত
C). ধ্রুবতারা
D). হীরকখণ্ড
সঠিক উত্তরঃ C). ধ্রুবতারা,

15) ঠিক শব্দগুচ্ছ হলো- (বাংলা)
A). শিহরন, দারুণ, দরুন
B). গণ্ডুষ, সায়াহ্ণ, ঈপ্সিত
C). আশীষ, ইতোপূর্বে, শ্বাশুড়ি
D). ভষ্ম, পুষ্পাঞ্জলি, দরিদ্রতা
সঠিক উত্তরঃ A). শিহরন, দারুণ, দরুন,

16) **She walks in beauty, like the night of cloudless climes and starry skies.'** - এর উত্তম বঙ্গানুবাদ- (বাংলা)
A). তার পথের পরে সৌন্দর্য ঝরে তারাভরা রাতের মতো।
B). নির্মেঘ নক্ষত্ররাতের মতো সৌন্দর্যকে সঙ্গী করে হেঁটে চলে সে।
C). মেঘশূন্য নক্ষত্রপূর্ণ পূর্ণিমা রাতের মতো হেঁটে চলে সে।
D). মেঘশূন্য নক্ষত্রভরা সুন্দরী রাতে হেঁটে যায় সে।
সঠিক উত্তরঃ C). মেঘশূন্য নক্ষত্রপূর্ণ পূর্ণিমা রাতের মতো হেঁটে চলে সে।,

17) বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ। লালসালু উপন্যাসে গ্রামবাসী সম্পর্কে লেখকের এই মন্তব্যের তাৎপর্য- (বাংলা)
A). আত্মবিধ্বংসী ধর্মান্ধতা
B). যুক্তিনিষ্ঠ আনুগত্য
C). বিশ্বাস ও যুক্তির দ্বান্দ্বিকতা
D). অপরিসীম বিনয়
সঠিক উত্তরঃ A). আত্মবিধ্বংসী ধর্মান্ধতা,

18) পরোক্ষে তাঁর নামে দেশ শাসন করবেন রাজবল্লভ। সিরাজকে হটানোর এই চক্রান্তসূত্রের সঙ্গে মিল রয়েছে যে বাগধারার- (বাংলা)
A). অতিদর্পে হত লঙ্কা
B). কালনেমির লঙ্কাভাগ
C). গাঙ পার হলে কুমিরকে কলা
D). বানরের রুটিভাগ
সঠিক উত্তরঃ B). কালনেমির লঙ্কাভাগ,

Hasnat Bangla

19) নিচে বাংলা ব্যঞ্জন ভুলভাবে যুক্ত হয়েছে- (বাংলা)
A). ক্ষ = ক্ + ষ
B). হ্ম = হ্ + ম
C). ত্ন = ত্ + ন
D). জ্ঞ = জ্ + ঞ
সঠিক উত্তরঃ C). ত্ন = ত্ + ন,

20) ছেলেটি মাকে চিঠি লিখছে। -এই বাক্যে লিখছে যে ধরনের ক্রিয়া- (বাংলা)
A). অকর্মক
B). অসমাপিকা
C). দ্বিকর্মক
D). প্রযোজক
সঠিক উত্তরঃ C). দ্বিকর্মক,

21) সমিল প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে লেখা কবিতা হলো- (বাংলা)
A). ঐকতান
B). সেই অস্ত্র
C). বিভীষণের প্রতি মেঘনাদ
D). ফেব্রুয়ারি ১৯৬৯
সঠিক উত্তরঃ A). ঐকতান,

22) কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই- মার্জার যেভাবে কথাটি বলেছিল- (বাংলা)
A). ঝিমোতে ঝিমোতে
B). খেতে খেতে
C). মনে মনে হেসে
D). চারটি পা ওপরে তুলে
সঠিক উত্তরঃ C). মনে মনে হেসে,

23) লক্ষ্মীপেঁচা যার মতো করুণ- (বাংলা)
A). মধুকূপী ঘাসের মতো
B). রূপসীর শরীরের মতো
C). উড়ে যাওয়া সুদর্শনের মতো
D). ধানের গন্ধের মতো
সঠিক উত্তরঃ D). ধানের গন্ধের মতো,

24) নীরব ভাষায় বৃক্ষ আমাদের যে গান শোনায়- (বাংলা)
A). ব্যর্থতার
B). বেদনার
C). সার্থকতার
D). অনুভূতির
সঠিক উত্তরঃ C). সার্থকতার,

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।

25) সমাজের উচ্চ মঞ্চে বসেছি সংকীর্ণ বাতায়নে- এর পূর্ববর্তী চরণ- (বাংলা)

A). পূরণ করিয়া লই যত পারি ভিক্ষালব্ধ ধনে

B). ভিতরে প্রবেশ করি সে শক্তি ছিল না একেবারে

C). অতি ক্ষুদ্র অংশে তার সম্মানের চিরনির্বাসনে

D). সেই ক্ষোভে পড়ি গ্রন্থ ভ্রমণবৃত্তান্ত আছে যাহে

সঠিক উত্তরঃ C). অতি ক্ষুদ্র অংশে তার সম্মানের চিরনির্বাসনে,

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।